অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/8/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের নিউ ইয়র্কের বার্ষিক অঙ্গ দাতা তালিকাভুক্তি দিবসে অঙ্গ দাতা হিসেবে নিবন্ধন করার আহ্বান জানিয়েছেন

2015 সালে এই নতুন উদ্যোগ শুরু হওয়ার পর থেকে 6.4 মিলিয়ন নতুন ব্যক্তি তালিকাভুক্ত হয়েছেন

9,000 এরও বেশি নিউ ইয়র্কবাসী একটি জীবনরক্ষাকারী প্রতিস্থাপনের অপেক্ষায় আছেন

নিউ ইয়র্ক রাজ্যের অঙ্গ দাতা তালিকাভুক্তি দিবসে গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ নিউ ইয়র্ক রাজ্যের ডোনেট লাইফ রেজিস্ট্রির (New York State Donate Life Registry) মাধ্যমে অঙ্গ দাতা হিসেবে নিবন্ধন করার জন্য নিউ ইয়র্ক রাজ্যের বাসিন্দাদের প্রতি আহ্বান জানিয়েছেন। যেহেতু COVID-19 মহামারী অঙ্গদান সহ স্বাস্থ্যসেবা ব্যবস্থার সকল ক্ষেত্রকে প্রভাবিত করেছে, নিউ ইয়র্ক রাজ্যের ডোনেট লাইফ রেজিস্ট্রি নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নিরাপদ এবং সহজ উপায় যাতে নিউ ইয়র্কবাসীরা অঙ্গ দাতা হতে পারেন এবং কাউকে জীবনে দ্বিতীয় সুযোগ প্রদান করতে পারেন।

"COVID-19, এর বিরুদ্ধে আমাদের লড়াই চালিয়ে যাওয়ার সাথে, আমরা আরেকটি সুযোগ পেয়েছি নিউ ইয়র্কের অসাধারণ ভালোবাসা এবং উদারতা প্রদর্শনের, নিউ ইয়র্কবাসীদের অঙ্গ দাতা হতে উৎসাহিত করে, এবং এই প্রক্রিয়ার মাধ্যমে আরো জীবন বাঁচিয়ে," **গভর্নর কুওমো বলেন**। "দুর্ভাগ্যবশত, এই মহামারীর ফলে অঙ্গদানের হার কমে এসছে, এবং অনেক ব্যক্তি জীবন রক্ষাকারী অঙ্গ প্রতিস্থাপনের অপেক্ষায় থাকায়, আমি নিউ ইয়র্কবাসীদের অঙ্গ দাতা হতে এবং NYS ডোনেট লাইফ রেজিস্ট্রিতে যোগ দিতে উৎসাহিত করি।"

যদিও COVID-19 আক্রান্ত বেশীরভাগ মানুষ পুরোপুরি সুস্থ হয়ে উঠছেন, বয়স্ক ব্যক্তি এবং যাদের প্রাক-বিদ্যমান চিকিৎসাগত সমস্যা রয়েছে তাদের ফুসফুস এবং অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গের ক্ষতি হওয়ার ঝুঁকি সবচেয়ে বেশি, যা অঙ্গ দাতাদের চাহিদা বাড়িয়ে তুলেছে।

যুক্তরাষ্ট্রের অঙ্গ সংগ্রহ এবং প্রতিস্থাপন নেটওয়ার্ক (U.S. Organ Procurement and Transplantation Network) অনুসারে বর্তমানে 108,675 জন আমেরিকান অঙ্গ প্রতিস্থাপনের অপেক্ষায় রয়েছেন, যার মধ্যে 9,000 জনেরও বেশী নিউ ইয়র্কবাসী। ডোনেট লাইফ NYS অনুসারে, প্রতি বছর 400 জনেরও বেশী নিউ ইয়র্কবাসী মারা যান কারণ তাদের প্রয়োজনীয় অঙ্গ সময়মত দান করা হয় না। ফেডারেল হেলথ রিসোর্সেস অ্যান্ড সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন (Federal

Health Resources and Services Administration)-এর মতে জাতীয়ভাবে একটি অঙ্গ প্রতিস্থাপনের জন্য একটি মিলের অপেক্ষায় থাকার সময় প্রতিদিন 22 জন মারা যান।

প্রতি নয় মিনিটে, কাউকে অপেক্ষার তালিকায় যোগ করা হয়, কিন্তু একজন দাতা আটটি জীবন বাঁচাতে পারেন এবং টিস্যু এবং কর্নিয়া দানের মাধ্যমে 75টি জীবন সুস্থ করতে পারে। 16 বছর বা তার বেশী বয়সী যে কোনও নিউ ইয়র্কবাসী রেজিস্ট্রিতে তালিকাভুক্ত হতে পারবেন। নিউ ইয়র্ক রাজ্যে প্রায় 41 শতাংশ বাসিন্দা এই রেজিস্ট্রির মাধ্যমে অঙ্গ দাতা হিসেবে নিজেকে তালিকাভুক্ত করেছেন।

স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "যদিও নিউ ইয়র্ক এই COVID-19 মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে অগ্রণী ভূমিকা পালন করছে, একই সময় আমরা মানুষকে অঙ্গ, চোখ এবং টিস্যু দাতা হতে উৎসাহিত করার জন্য কঠোর পরিশ্রম করছি। অঙ্গ দাতা হওয়া এমন একটি সিদ্ধান্ত যা শুধুমাত্র কারো জীবন বাঁচায় না, বরং প্রতিস্থাপনের জন্য অপেক্ষা করা মানুষদের একটি সক্রিয় জীবন যাপনের জন্য নতুন সুযোগ প্রদান করে।"

ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকলসের কমিশনার মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "জীবনের উপহারের চেয়ে বড় উপহার আর কিছু হতে পারে না। আমরা আমাদের গ্রাহকদের অঙ্গ দাতা হওয়ার জন্য নিবন্ধন করার সুযোগ প্রদান করতে পেরে গর্বিত এবং আমরা আশা করি সকল নিউ ইয়র্কবাসী এই সুযোগ গ্রহণ করবে।"

ডোনেট লাইফ নিউ ইয়র্ক স্টেটের নির্বাহী পরিচালক আয়শা টেটর বলেন, "আমরা জানি নিউ ইয়র্কের অধিবাসীগণ অর্গান ডোনেশনকে অত্যন্ত সমর্থন করে, তাই অর্গান ডোনার এনরোলমেন্ট দিবসের (New York Donor Enrollment Day) মূল বিষয় হল সেই সমর্থন চালু করা এবং যত বেশি সম্ভব ডোনারদের নিবন্ধন করা। আমি জানি ডনেট লাইফ নিউ ইয়র্ক রাজ্য, দান কমিউনিটি, নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) এবং নিউ ইয়র্ক রাজ্যের মোটর গাড়ি বিভাগের (New York State Department of Motor Vehicles) সম্মিলিত প্রচেষ্টা বর্তমানে একটি জীবন রক্ষাকারী প্রতিস্থাপনের জন্য অপেক্ষা করা হাজার হাজার পুরুষ, নারী এবং শিশুদের জন্য আশার আলো নিয়ে আসতে অনেক দূর এগিয়ে যাবে।"

LiveOnNY প্রেসিডেন্ট এবং সিইও হেলেন ইরভিং বলেন, "নিউ ইয়র্কবাসীরা এই বছর অনেক কিছুর মধ্যে দিয়ে গেছেন, কিন্তু কঠিন সময়ে আমরা সবসময় একে অপরকে সমর্থন করতে পাশে দাড়িয়েছি। আমরা আশা করি এই অঙ্গ দাতা তালিকাভুক্তি দিবস আরো মানুষকে অঙ্গদানের ক্ষমতা সম্পর্কে জানতে এবং তাদের জীবনের শেষের কামনাগুলি সম্পর্কে আলোচনা করতে অনুপ্রাণিত করবে। যেমন মাস্ক জীবন বাঁচায়, ঠিক তেমনি জীবন রক্ষাকারী অঙ্গ দাতারাও। আসুন আমরা একত্রিত হয়ে আমাদের রাজ্যের প্রায় 10,000 মানুষকে আশার আলো প্রদান করি যারা এখনো প্রতিস্থাপনের জন্য অপেক্ষা করছেন।"
নিউ ইয়র্ক স্টেট ডোনেট লাইফ রেজিস্ট্রিতে (NYS Donate Life Registry) অনলাইনে আজ নিম্নলিখিত অনলাইন অপশনের মাধ্যমে তালিকাভুক্ত হতে পারেন:

- নিউ ইয়র্ক স্টেট ডোনেট লাইফ রেজিস্ট্রির ওয়েবসাইট
- নিউ ইয়র্ক স্টেট মোটরযান বিভাগের (NYS Department of Motor Vehicles) ওয়েবসাইট

"লরেনের আইন" (Lauren's Law) অনুসারে, মোটর গাড়ি বিভাগের গ্রাহকরা তাদের ড্রাইভার লাইসেন্সের দান বিভাগ বা নন-ড্রাইভার আইডি নবায়ন আবেদনের মাধ্যমে অঙ্গ দাতা হিসেবে নিবন্ধন করা চালিয়ে যেতে পারবেন। এই আইনের নামকরণ করা হয়েছে রকল্যান্ড কাউন্টির বাসিন্দা লরেন শিল্ডসের জন্য, যিনি 9 বছর বয়সে একটি জীবন রক্ষাকারী হৃদযন্ত্রের প্রতিস্থাপন পেয়েছিলেন। ভোট নিবন্ধনকারী নিউ ইয়র্কবাসীরা এখানে ভোটার নিবন্ধন কাগজ বা অনলাইন ফর্মের সেই অংশটি সম্পন্ন করে রেজিস্ট্রিতে যোগ দিতে পারেন। নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ ইন্স্যুরেন্স মার্কেটপ্লেসের (NY State of Health Insurance Marketplace) মাধ্যমে স্বাস্থ্য বীমা আবেদনকারী নিউ ইয়র্কবাসীরাও এখানে রেজিস্ট্রিতে তালিকাভুক্ত হতে পারেন।

এছাড়াও সচেতনতা বৃদ্ধি এবং গুরুত্বপূর্ণ গবেষণাকে সমর্থন করার জন্য DMV একটি ডোনেট লাইফ কাস্টম লাইসেন্স প্লেট প্রদান করে। যখন একজন গ্রাহক প্লেটটি অর্ডার করবেন তখন 20 মার্কিন ডলার বার্ষিক ফি "লাইফ পাস ইইটি অন ট্রাস্ট ফান্ড" এ পাঠানো নির্দেশ করা হয়, যা অঙ্গ ও টিস্যু ডোনেশন বিকাশে অঙ্গদান ও প্রতিস্থাপন গবেষণা ও শিক্ষামূলক প্রোগ্রামের জন্য ব্যবহার করা হয়। DMV-এর ওয়েবসাইটে প্লেট অর্ডার করা যাতে পারে এখানে।

গভর্নর কুওমো 2017 সালে একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেন যেটি নিবন্ধিত অঙ্গ দাতাদের সংখ্যা বৃদ্ধিকে অগ্রাধিকার দেয়, রাজ্যের স্বাস্থ্য বিভাগকে সমস্ত রাজ্যের সংস্থাগুলি, ডোনেট লাইফ NYS এবং অন্যান্য অংশীদারদের সাথে কাজ করার নির্দেশ দেয়, যাতে জনগণকে NYS ডোনেট লাইফ রেজিস্ট্রির মাধ্যমে অঙ্গ দাতা হিসেবে নিবন্ধন করার অতিরিক্ত সুযোগ প্রদান করা যায়। এছাড়াও পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State) বা স্বাস্থ্য বিভাগ থেকে বিভিন্ন লাইসেন্স বা সার্টিফিকেটের জন্য আবেদন করার সময় নিউ ইয়র্কবাসীরা অঙ্গ দাতা হওয়ার সুযোগ পান। এছাড়াও স্বাস্থ্য বীমার জন্য আবেদন করার সময় নিউইয়র্ক স্টেট অফ হেল্থ অফিশিয়াল হেল্থ প্ল্যান মার্কেটপ্লেসের (New York State of Health Official Health Plan Marketplace) মাধ্যমে মানুষ অঙ্গ দাতা হতে পারেন, যেখানে 246,073 জন মানুষ ইতিমধ্যে তালিকাভুক্ত হয়েছেন।

একজন অঙ্গ দাতা হস সম্পর্কে আরো তথ্য এখানে উপলভ্য।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন